কনফিডেন্স সিমেন্ট
01755550035-36

দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক
মঙ্গলবার | ২ জুন ২০২৬ | www.edainikazadi.net | ১৯ জ্যৈষ্ঠ ১৪৩৩ সাল | ১৫ জিলহজ্ব ১৪৪৭ হিজরি | ৮ পৃষ্ঠা | ৭ টাকা

রয়েল সিমেন্ট




*প্রিমিয়ার ইউনিভার্সিটির ইইই বিভাগের কর্মশালায় অতিথিবৃন্দ সনদ বিতরণ করছেন*

## প্রিমিয়ার ভার্সিটির কর্মশালায় প্রফেসর ড.সাহীদ

# গবেষণা ও উদ্ভাবনই জ্ঞানভিত্তিক সমাজ গঠনের প্রধান চালিকাশক্তি

প্রিমিয়ার ইউনিভার্সিটির ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের উদ্যোগে 'ফ্রম আইডিয়া টু আইইইই পেপার রাইটিং' শীর্ষক দিনব্যাপী এক কর্মশালা সম্প্রতি অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রকৌশল অনুষদের সহযোগী ডিন প্রফেসর ড.সাহীদ মো. আসিফ ইকবাল। সভাপতিত্ব করেন বিভাগের চেয়ারম্যান সহযোগী অধ্যাপক টুটন চন্দ্র মল্লিক। প্রশিক্ষক ছিলেন বিভাগের সহযোগী অধ্যাপক মোহাম্মদ সাইফুদ্দিন মুন্না এবং সহকারী অধ্যাপক সরিৎ ধর।

প্রধান অতিথি বলেন, বর্তমান বিশ্বে গবেষণা ও উদ্ভাবনই জ্ঞানভিত্তিক সমাজ গঠনের প্রধান চালিকাশক্তি। বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষার্থীদের গবেষণামুখী করে তোলা সময়ের দাবি। গবেষণার ধারণাকে আন্তর্জাতিক মানের প্রকাশনায় রূপান্তর করার দক্ষতা অর্জনের মাধ্যমে শিক্ষার্থীরা শুধু নিজেদের ক্যারিয়ার সমৃদ্ধ করবে না, বরং দেশ ও সমাজের উন্নয়নেও গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারবে। সভাপতির বক্তব্যে সহযোগী অধ্যাপক টুটন চন্দ্র মল্লিক বলেন, ইইই বিভাগ শিক্ষার্থীদের গবেষণামুখী ও দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে তোলার লক্ষ্যে নিয়মিতভাবে বিভিন্ন কর্মশালা, সেমিনার ও প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করে আসছে। উপস্থিত ছিলেন গণিত বিভাগের সহযোগী অধ্যাপক তানিয়া নূর, সহকারী অধ্যাপক কল্লোল দে, ইইই বিভাগের সহযোগী অধ্যাপক সামিনা আলম, প্রভাষক আসিফ মোহাম্মদ সিদ্দিকী, প্রভাষক সোমেন দত্ত, প্রভাষক আবীর ধর, প্রভাষক জয়নব বিনতে আহমেদ, প্রভাষক ফারিয়া তাহসিন, প্রভাষক তানভীর রহমান, প্রভাষক মেহরীন ইসলাম, প্রভাষক রিজমা সামানজা নিলয় প্রমুখ। এতে প্রায় ৬০ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে।কর্মশালা শেষে অংশগ্রহণকারীদের মাঝে সনদপত্র বিতরণ করা হয়। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 02 June 2026, Page: 3, Col: 7
https://edainikazadi.net/index.php?page=1&date=2026-06-2

চট্টগ্রাম মঙ্গলবার ২ জুন ২০২৬

দৈনিক পূর্বকোণ

দেশসেরা আঞ্চলিক দৈনিকের স্বীকৃতিপ্রাপ্ত

রেজিঃ নম্বর-চ-৮৯ । । ৪১তম বর্ষ ৯৮তম সংখ্যা । । ১৯ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ । । ১৫ জিলহজ ১৪৪৭ হিজরি । । Tuesday 2 June 2026 । । ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone

*প্রিমিয়ার ইউনিভার্সিটির ইইই বিভাগের কর্মশালা*

# ‘গবেষণা ও উদ্ভাবনই জ্ঞানভিত্তিক সমাজ গঠনের প্রধান চালিকাশক্তি’

প্রিমিয়ার ইউনিভার্সিটির ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের উদ্যোগে 'ফ্রম আইডিয়া টু আইইইই পেপার রাইটিং' শীর্ষক কর্মশালা সম্প্রতি অনুষ্ঠিত হয়। গবেষণায় আগ্রহী শিক্ষার্থী ও নবীন গবেষকদের আন্তর্জাতিক মানের গবেষণাপত্র রচনায় দক্ষ করে তোলার লক্ষ্যে এই কর্মশালার আয়োজন করা হয়।

বিভাগের চেয়ারম্যান সহযোগী অধ্যাপক টুটন চন্দ্র মল্লিকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রকৌশল অনুষদের সহযোগী ডিন প্রফেসর ড. সাহীদ মো. আসিফ ইকবাল।

তিনিস বলেন, বর্তমান বিশ্বে গবেষণা ও উদ্ভাবনই জ্ঞানভিত্তিক সমাজ গঠনের প্রধান চালিকাশক্তি। গবেষণার ধারণাকে আন্তর্জাতিক মানের প্রকাশনায় রূপান্তর করার দক্ষতা অর্জনের মাধ্যমে শিক্ষার্থীরা শুধু নিজেদের ক্যারিয়ার সমৃদ্ধ করবে না, বরং দেশ ও সমাজের উন্নয়নেও গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারবে।

কর্মশালায় প্রশিক্ষক ছিলেন বিভাগের সহযোগী অধ্যাপক মোহাম্মদ সাইফুদ্দিন মুন্না ও সহকারী অধ্যাপক সরিৎ ধর। কর্মশালায় অংশগ্রহণকারীদের গবেষণার বিষয় নির্বাচন ও গবেষণা ধারণা পরিমার্জন, আইইইই গবেষণাপত্রের কাঠামো ও ফরম্যাটিং, মাইক্রোসফট ওয়ার্ড ব্যবহার করে গবেষণাপত্র প্রস্তুতকরণ, মেন্ডেলে সফটওয়্যারের মাধ্যমে রেফারেন্স ব্যবস্থাপনা, প্লেজিয়ারিজম প্রতিরোধ এবং গবেষণা প্রকাশনার নৈতিকতা বিষয়ে হাতে-কলমে প্রশিক্ষণ প্রদান করা হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সহযোগী অধ্যাপক তানিয়া নূর, সহকারী অধ্যাপক কল্লোল দে, সহযোগী অধ্যাপক সামিনা আলম, প্রভাষক আসিফ মোহাম্মদ সিদ্দিকী, প্রভাষক সোমেন দত্ত, প্রভাষক আবীর ধর, প্রভাষক জয়নব বিনতে আহমেদ, প্রভাষক ফারিয়া তাহসিন, প্রভাষক তানভীর রহমান, প্রভাষক মেহরীন ইসলাম, প্রভাষক রিজমা সামানজা নিলয়সহ প্রায় ৬০ জন শিক্ষার্থী। কর্মশালা শেষে অংশগ্রহণকারীদের মাঝে সনদপত্র বিতরণ করা হয়।-বিজ্ঞপ্তি




*প্রিমিয়ার ইউনিভার্সিটির ইইই বিভাগের উদ্যোগে 'ফ্রম আইডিয়া টু আইইইই পেপার রাইটিং' বিষয়ক কর্মশালায় অতিথিবৃন্দ সনদ বিতরণ করছেন*

Ref: Daily Purbokone, Date: 02 June 2026, Page: 3, Col: 4

https://www.edainikpurbokone.net/index.php?page=3&date=2026-06-02

মঙ্গলবার
চট্টগ্রাম
২ জুন ২০২৬
১৯ জ্যৈষ্ঠ ১৪৩৩
১৫ জিলহজ্জ ১৪৪৭
বর্ষ-১৪, সংখ্যা-১৫৬
দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh
www.dailypurbodesh.com
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মাস্টার নজির আহমদ
৮ পৃষ্ঠার দাম ৭ টাকা

টানা ৪বার সুপারব্র্যান্ড স্বীকৃতি
বসুন্ধরা পেপার
A4

# প্রিমিয়ার ইউনিভার্সিটির ইইই বিভাগের কর্মশালা

প্রিমিয়ার ইউনিভার্সিটির ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের উদ্যোগে 'ফ্রম আইডিয়া টু আইইইই পেপার রাইটিং' শীর্ষক দিনব্যাপী কর্মশালা সম্প্রতি অনুষ্ঠিত হয়েছে। গবেষণায় আগ্রহী শিক্ষার্থী ও নবীন গবেষকদের আন্তর্জাতিক মানের গবেষণাপত্র রচনায় দক্ষ করে তোলার লক্ষ্যে এই কর্মশালার আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রকৌশল অনুষদের সহযোগী ডিন প্রফেসর ড. সাহীদ মো. আসিফ ইকবাল। সভাপতিত্ব করেন ইইই বিভাগের চেয়ারম্যান সহযোগী অধ্যাপক টুটন চন্দ্র মল্লিক। কর্মশালায় প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন ইইই বিভাগের সহযোগী অধ্যাপক মোহাম্মদ সাইফুদ্দিন মুন্না এবং সহকারী অধ্যাপক সরিৎ ধর। তাঁরা গবেষণার ধারণা সৃষ্টি থেকে শুরু করে আন্তর্জাতিক মানের আইইইই গবেষণাপত্র প্রস্তুত ও প্রকাশনার বিভিন্ন ধাপ সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন।

কর্মশালায় অংশগ্রহণকারীদের গবেষণার বিষয় নির্বাচন ও গবেষণা ধারণা পরিমার্জন, আইইইই গবেষণাপত্রের কাঠামো ও ফরম্যাটিং, মাইক্রোসফট ওয়ার্ড ব্যবহার করে গবেষণাপত্র প্রস্তুতকরণ, মেন্ডেলে সফটওয়্যারের মাধ্যমে রেফারেন্স ব্যবস্থাপনা, প্লেজিয়ারিজম প্রতিরোধ এবং গবেষণা প্রকাশনার নৈতিকতা বিষয়ে হাতে-কলমে প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়াও বাস্তব আইইইই গবেষণাপত্রের উদাহরণ বিশ্লেষণ, পেশাদার ফরম্যাটিং কৌশলের সরাসরি প্রদর্শনী, প্রকাশনা সংক্রান্ত বিভিন্ন গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা এবং প্রাণবন্ত প্রশ্নোত্তর পর্ব কর্মশালাকে আরও সমৃদ্ধ করে। প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ড. সাহীদ মো. আসিফ ইকবাল বলেন, বর্তমান বিশ্বে গবেষণা ও উদ্ভাবনই জ্ঞানভিত্তিক সমাজ গঠনের প্রধান চালিকাশক্তি। বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষার্থীদের গবেষণামুখী করে তোলা সময়ের দাবি। সভাপতির বক্তব্যে সহযোগী অধ্যাপক টুটন চন্দ্র মল্লিক বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটির ইইই বিভাগ শিক্ষার্থীদের গবেষণামুখী ও দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে তোলার লক্ষ্যে নিয়মিতভাবে বিভিন্ন কর্মশালা, সেমিনার ও প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করে আসছে। গবেষণার মৌলিক ধারণা থেকে শুরু করে আন্তর্জাতিক মানের জার্নাল ও কনফারেন্সে গবেষণাপত্র প্রকাশের কৌশল সম্পর্কে শিক্ষার্থীদের সুস্পষ্ট ধারণা প্রদানই এ কর্মশালার মূল উদ্দেশ্য। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন গণিত বিভাগের সহযোগী অধ্যাপক তানিয়া নূর, সহকারী অধ্যাপক কল্লোল দে, ইইই বিভাগের সহযোগী অধ্যাপক সামিনা আলম, প্রভাষক আসিফ মোহাম্মদ সিদ্দিকী, প্রভাষক সোমেন দত্ত, প্রভাষক আবীর ধর, প্রভাষক জয়নব বিনতে আহমেদ, প্রভাষক ফারিয়া তাহসিন, প্রভাষক তানভীর রহমান, প্রভাষক মেহরীন ইসলাম, প্রভাষক রিজমা সামানজা নিলয়সহ অন্যান্য শিক্ষকবৃন্দ এবং প্রায় ৬০ জন শিক্ষার্থী। কর্মশালা শেষে অংশগ্রহণকারীদের মাঝে সনদপত্র বিতরণ করা হয়। বিজ্ঞপ্তি




প্রিমিয়ার ইউনিভার্সিটির ইইই বিভাগের উদ্যোগে 'ফ্রম আইডিয়া টু আইইইই পেপার রাইটিং' বিষয়ক কর্মশালায় সনদ বিতরণ

Ref: Daily Purbodesh, Date: 02 June 2026, Page: 3, Col: 1
https://epurbodesh.com/index.php?page=1&date=2026-06-2

চট্টগ্রাম ● মঙ্গলবার ● ২ জুন ২০২৬ ● ১৯ জ্যৈষ্ঠ ১৪৩৩ ● ১৫ জিলহজ ১৪৪৭
৮ পৃষ্ঠা ● মূল্য ৭ টাকা
চট্টগ্রাম ● রেজি. নম্বর ৪৫০ ● বর্ষ ২২ সংখ্যা ২৬৮
প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত
সুপ্রভাত
suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat
সুপ্রভাত
সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

৩ চামড়া সংরক্ষণে সচেতনতার অভাবে অনেকে ন্যায্য দাম পাননি
৪ চিকিৎসকদের আদর্শ হয়ে থাকবেন ডা. গোলাম মূর্তাজা হারুন : মেয়র
৬ লঙ্কান লিগে গল গ্যালাপ্টস দলে খেলবেন লিটন



সড়কে মৃত্যু
**আর কত রক্ত ঝরলে কর্তৃপক্ষের ঘুম ভাঙবে**
বাঙালির জীবনে ঈদ মানেই আনন্দের জোয়ার, নাড়ির টানে বাড়ি ফেরার ব্যাকুলতা।
বিস্তারিত ▶ পৃষ্ঠা : ২

# গবেষণা ও উদ্ভাবনই জ্ঞানভিত্তিক সমাজ গঠনের প্রধান চালিকাশক্তি

প্রিমিয়ার ইউনিভার্সিটির ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের উদ্যোগে 'ফ্রম আইডিয়া টু আইইইই পেপার রাইটিং' শীর্ষক দিনব্যাপী এক কর্মশালা সম্প্রতি অনুষ্ঠিত হয়েছে। গবেষণায় আগ্রহী শিক্ষার্থী ও নবীন গবেষকদের আন্তর্জাতিক মানের গবেষণাপত্র রচনায় দক্ষ করে তোলার লক্ষ্যে এই কর্মশালার আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রকৌশল অনুষদের সহযোগী ডিন প্রফেসর ড. সাহীদ মো. আসিফ ইকবাল। সভাপতিত্ব করেন ইইই বিভাগের চেয়ারম্যান সহযোগী অধ্যাপক টুটন চন্দ্র মল্লিক।

কর্মশালায় প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন ইইই বিভাগের সহযোগী অধ্যাপক মোহাম্মদ সাইফুদ্দিন মুন্না এবং সহকারী অধ্যাপক সরিৎ ধর।

তাঁরা গবেষণার ধারণা সৃষ্টি থেকে শুরু করে আন্তর্জাতিক মানের আইইইই গবেষণাপত্র প্রস্তুত ও প্রকাশনার বিভিন্ন ধাপ সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন।

## প্রিমিয়ার ইউনিভার্সিটির কর্মশালা

কর্মশালায় অংশগ্রহণকারীদের গবেষণার বিষয় নির্বাচন ও গবেষণা ধারণা পরিমার্জন, আইইইই গবেষণাপত্রের কাঠামো ও ফরম্যাটিং, মাইক্রোসফট ওয়ার্ড ব্যবহার করে গবেষণাপত্র প্রস্তুতকরণ, মেন্ডেলে সফটওয়্যারের মাধ্যমে রেফারেন্স ব্যবস্থাপনা, প্লেজিয়ারিজম প্রতিরোধ এবং গবেষণা প্রকাশনার নৈতিকতা বিষয়ে হাতে-কলমে প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়াও বাস্তব আইইইই গবেষণাপত্রের উদাহরণ বিশ্লেষণ, পেশাদার ফরম্যাটিং কৌশলের সরাসরি প্রদর্শনী, প্রকাশনা সংক্রান্ত বিভিন্ন গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা এবং প্রাণবন্ত প্রশ্নোত্তর পর্ব কর্মশালাকে আরও সমৃদ্ধ করে।

প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ড. সাহীদ মো. আসিফ ইকবাল বলেন, বর্তমান বিশ্বে গবেষণা ও উদ্ভাবনই জ্ঞানভিত্তিক সমাজ গঠনের প্রধান চালিকাশক্তি। বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষার্থীদের গবেষণামুখী করে তোলা সময়ের দাবি। গবেষণার ধারণাকে আন্তর্জাতিক মানের প্রকাশনায় রূপান্তর করার দক্ষতা অর্জনের মাধ্যমে শিক্ষার্থীরা শুধু নিজেদের ক্যারিয়ার সমৃদ্ধ করবে না, বরং দেশ ও সমাজের উন্নয়নেও গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারবে। এ ধরনের কর্মশালা শিক্ষার্থীদের গবেষণায় উৎসাহিত করবে এবং বৈশ্বিক গবেষণা অঙ্গনে প্রতিযোগিতামূলক অবস্থান তৈরি করতে সহায়তা করবে।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন গণিত বিভাগের সহযোগী অধ্যাপক তানিয়া নূর, সহকারী অধ্যাপক কল্লোল দে, ইইই বিভাগের সহযোগী অধ্যাপক সামিনা আলম, প্রভাষক আসিফ মোহাম্মদ সিদ্দিকী, প্রভাষক সোমেন দত্ত, প্রভাষক আবীর ধর, প্রভাষক জয়নব বিনতে আহমেদ, প্রভাষক ফারিয়া তাহসিন, প্রভাষক তানভীর রহমান, প্রভাষক মেহরীন ইসলাম, প্রভাষক রিজমা সামানজা নিলয়সহ অন্যান্য শিক্ষকবৃন্দ এবং প্রায় ৬০ জন শিক্ষার্থী।

শেষে অংশগ্রহণকারীদের মাঝে সনদ বিতরণ করা হয়। অংশগ্রহণকারীরা কর্মশালার বিষয়বস্তু, বাস্তবধর্মী প্রশিক্ষণ এবং অভিজ্ঞ শিক্ষকদের দিকনির্দেশনাকে অত্যন্ত উপকারী বলে অভিহিত করেন। গবেষণা ও একাডেমিক প্রকাশনার ক্ষেত্রে এ ধরনের আয়োজন ভবিষ্যতেও অব্যাহত থাকবে বলে আয়োজকরা আশাবাদ ব্যক্ত করেন। বিজ্ঞপ্তি




প্রিমিয়ার ইউনিভার্সিটির ইইই বিভাগের উদ্যোগে কর্মশালায় অতিথিবৃন্দ সনদ বিতরণ করছেন

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 02 June 2026, Page: 4, Col: 6
https://esuprobhat.com/index.php?page=1&date=2026-06-2